গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৫৬ (৫) তারিখঃ ০১ পৌষ ১৪২৭
১৬ ডিসেম্বর ২০২০

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**১৬ ডিসেম্বর ২০২০ খ্রিঃ সকাল ০৯ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

১৬/১২/২০২০ খ্রিঃ সকাল ০৯ টা থেকে পরবর্তী (০৬-০৮) ঘণ্টার মধ্যে দেশের নদী অববাহিকায় হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশার কারণে দৃষ্টিসীমা ৫০০ মি বা কোথাও কোথাও এর চেয়ে কম হতে পারে। এসব এলাকার নৌযানসমূহকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে, তবে কোনো সংকেত দেখাতে হবে না।

**১৬ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ** উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে, এর বর্ধিতাংশ উত্তর-পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

**পূর্বাভাসঃ** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকায় মাঝারী থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং দেশের অন্যত্র হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে ।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** রাতের তাপমাত্রা আরও হ্রাস পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৬.৫ | ২৪.০ | **২৯.৩** | ২৬.২ | ২৪.৫ | ২৫.২ | ২৮.০ | **২৮.২** |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৩.৬ | ১৪.৪ | **১৪.৬** | ১৪.০ | **১২.৫** | **১২.৪** | ১৫.০ | ১৫.৫ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার ২৯.৩°সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১২.৪°সেঃ।
(সূত্রঃবাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ১৪ ডিসেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৫ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৬ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৪ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৩ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৩ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৩ | ০ | ০ |
| ৮। | খুলনা | ২ | ০ | ০ |
| | **মোট** | **১৬** | **০** | **০** |

শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ :

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতক্লিষ্ট রাজশাহী বিভাগের ৮ টি জেলার মোট ৬৭ টি উপজেলার ৫৬৫ টি ইউনিয়নে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য প্রতি ইউনিয়নে ১০০ প্যাকেট হারে মোট (৫৬৫X১০০)=৫৬,৫০০ প্যাকেট/বস্তা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

**ট্রলার ডুবির তথ্য:**

গতকাল ১৫/১২/২০২০ খ্রি. তারিখে নোয়াখালীর হাতিয়া উপজেলার কেরিংচর থেকে বরযাত্রীবাহী একটি ট্রলার প্রচন্ড ঢেউয়ের ফলে দুপুর ৩.০০ ঘটিকায় সময় ডালচর সংলগ্ন মেঘনা নদীতে ডুবে যায়। ট্রলারটিতে প্রায় ৫০ জন যাত্রী ছিলেন। এখন পর্যন্ত ০৭ জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে এবং আরও ০৮ জন নিখোঁজ রয়েছে। মৃত্যুবরণকারী ০৭ জন ও নিখোঁজ ০৮ জনের নাম ও ঠিকানা নিম্নোক্ত ছক মোতাবেক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| ক্রমিক নং | নিহত ব্যক্তির নাম ও ঠিকানা | ক্রমিক নং | নিখোঁজ ব্যক্তির নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| ১ | তাসলিমা বেগম (২১) পিতা-ইব্রাহিম, সাং-আজিমনগর, কেরিংচর প্রশাসনিক এলাকা, হাতিয়া, নোয়াখালী | ১ | জাকিয়া বেগম (৫৫), স্বামী- নাসির উদ্দিন |
| ২ | আফরিন আক্তার লামিয়া (০২), পিতা-আকবর হোসেন, সাং- বদরপুর, থানা-সুধারাম, নোয়াখালী | ২ | মো: হাছান (০৭), পিতা- মো: কাদের |
| ৩ | আছমা বেগম (১৯), পিতা- আক্তার হোসেন, সাং- বদরপুর, থানা-সুধারাম, নোয়াখালী | ৩ | নারগিস (০৪), পিতা- মো: কাদের |
| ৪ | লিলি আক্তার (০৮), পিতা- আলমগীর, সাং- বদরপুর, থানা-সুধারাম, নোয়াখালী | ৪ | হালিমা (০৪), পিতা- রুবেল |
| ৫ | হোসনে আরা বেগম রুপা (০৫), পিতা- ফয়েজ উল্লাহ, সাং- নাছিরপুর, কালাপুর বাজার, কেরিংচর | ৫ | নামিয়া (০৩), পিতা- মহিউদ্দিন |
| ৬ | রাহেনা বেগম (৩০), স্বামী- আলাউদ্দিন | ৬ | নিহা (১) পিতা- রিয়াজ |
| ৭ | নুরজাহান (৬৫), স্বামী – মৃত খোরশেদ আলম, সাং- পূর্ব আজিমনগর, কেরিংচর, হাতিয়া, নোয়াখালী | ৭ | আমির হোসেন, পিতা- ইলিয়াছ |
| | | ৮ | আলিফ (০১), পিতা- রহিম |

১৬-১২-২০২০

(কামরুন নাহার)
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
Email: controlroom.ddm@gmail.com
তারিখঃ ১৬/১২/২০২০খ্রিঃ

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৫৬ (৫) (১৬৬)

**সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নহে)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
০৬। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
০৭। বিভাগীয় কমিশনার ............ (সকল)
০৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
০৯। জেলা প্রশাসক, ..........................(সকল)
১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

১৬-১২-২০২০

(কামরুন নাহার)
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
Email: controlroom.ddm@gmail.com
তারিখঃ ১৬/১২/২০২০খ্রিঃ